

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.০০.০০০০.৫২২.১২৫.০১.১৫.১৪

তারিখ: ০২ মাঘ ১৪২১
১৫ জানুয়ারি ২০১৫

বিষয় : জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন প্রেরণ।


সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৫২২.৭১.০৭.১২.১১২ তারিখ: ০১.০৮.২০১৩
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/মাপ্রস-০৪.৫১২.০৮২.০০.০০.০০৪.২০১০.১৪২ তারিখ: ২৪.০৭.২০১১

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকসমূহে জেলায় সংঘটিত স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ঘটনাস্থল পরিদর্শনপূর্বক প্রাথমিক প্রতিবেদন চার ঘণ্টার মধ্যে এবং গৃহীত আইনগত পদক্ষেপ ও ঘটনার সার্বিক তথ্যাদি উল্লেখ করে পূর্ণাঙ্গ প্রতিবেদন ২৪ ঘণ্টার মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে পাওয়া যায় না। এ কারণে সংঘটিত ঘটনার বিষয়ে সব সময় দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা হয় না।

০২। এমতাবস্থায়, তাঁর জেলায় সংঘটিত স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার তথ্য যথাসময়ে নিম্নোল্লিখিত ছক মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখার ই-মেইলে (cjme_sec@cabinet.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

‘ছক’

ঘটনার তারিখ, সময় এবং ঘটনাস্থল	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ	গৃহীত পদক্ষেপ	মন্তব্য
১	২	৩	৪



(এম. কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫১৪২৫

email: cjme_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি:

বিভাগীয় কমিশনার (সকল)